জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহ
নং ৯২ তাং ০৫/০৩/২৫

উপপরিচালকের কার্যালয়, মাউশি, ময়মনসিংহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
হিসাব শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০২.২৯.০০০১.২১.৪৯৮

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ EFT-তে প্রেরণ সময় পুনঃনির্ধারণ সংক্রান্ত**

সূত্র: নং-৩৭.০২.০০০০.১০২.৩৭.০০১.২৪.৬৫৩/৮, তারিখ: ১২/০২/২০২৫

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারক পত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ EFT-তে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় এমপিও এর তথ্য সংশোধনের অনলাইন এমপিও আবেদনের সিডিউলের বাইরে নিম্নে বর্ণিত সিডিউল মোতাবেক সংশোধন কার্যক্রম সম্পন্ন করার জন্য অঞ্চলের পরিচালক (কলেজ), উপপরিচালক (মাধ্যমিক), জেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে পত্র দেয়া হয়। নিম্নে বর্ণিত সিডিউল মোতাবেক সংশোধন কার্যক্রম সম্পন্ন করার জন্য অঞ্চলের পরিচালক (কলেজ), উপপরিচালক (মাধ্যমিক), জেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**স্কুলের ক্ষেত্রে:**

| | |
|---|---|
| প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবেদনের সর্বশেষ তারিখ | : ২০/০৩/২০২৫ |
| উপজেলা হতে অগ্রায়নের সর্বশেষ তারিখ | : ৩০/০৩/২০২৫ |
| জেলা হতে অগ্রায়নের সর্বশেষ তারিখ | : ১০/০৪/২০২৫ |
| আঞ্চলিক উপপরিচালক হতে অগ্রায়নের সর্বশেষ তারিখ | : ২০/০৪/২০২৫ |
| মাউশি অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখা কর্তৃক অনুমোদনের সর্বশেষ তারিখ | : ২৭/০৪/২০২৫ |

**কলেজের ক্ষেত্রে:**

| | |
|---|---|
| প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবেদনের সর্বশেষ তারিখ | : ২০/০৩/২০২৫ |
| আঞ্চলিক পরিচালক হতে অগ্রায়নের সর্বশেষ তারিখ | : ২০/০৪/২০২৫ |
| মাউশি অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখা কর্তৃক অনুমোদনের সর্বশেষ তারিখ | : ২৭/০৪/২০২৫ |

০৫-০৩-২০২৫
মো: শাহজাহান
উপপরিচালক
০২-৯৫৫৬৪৩২
ad-admin@dshe.gov.bd

---

স্মারক নং-জেশিঅ/ময়মন/২০২৫/ ৬৭৮ তারিখ ঃ ০৯/০৩/২০২৫ খ্রি.

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), জেলা-ময়মনসিংহ। (সংযুক্ত পত্র সমুহের নির্দেশনা যথাযথ অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)। বিষয়টি অতীব জরুরি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার........................জেলা-ময়মনসিংহ।
৫। প্রতিষ্ঠান প্রধান (সকল), জেলা-ময়মনসিংহ। (পত্রের নির্দেশনা অনুসরণের অনুরোধসহ)।
৬। অফিস নথি।

(মোহছিনা খাতুন)
জেলা শিক্ষা অফিসার
ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৬৬৬২২৩০
deomymen@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।

স্মারক নং:৩৭.০২.০০০০.০০০.০২.০০১.২০২৫-২২৩ তারিখ: ০৫/০৩/২০২৫ খ্রি.

কার্যার্থে

০১। জেলা শিক্ষা অফিসার,ময়মনসিংহ/টাঙ্গাইল/জামালপুর/কিশোরগঞ্জ/নেত্রকোনা/শেরপুর,অত্র অঞ্চল,ময়মনসিংহ। মহাপরিচালক মহোদয়ের স্মারক নং.৩৭.০২.০০০০.১০২.২৯.০০০১.২১.৪৯৮,তারিখ-০৫/০৩/২০২৫ইং মোতাবেক পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

(মোহা.নাসির উদ্দীন)
উপ-পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল।

০১। সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা।
০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল),অত্র অঞ্চল।
০৪। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
হিসাব শাখা
www.dshe.gov.bd

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১০২.২৯.০০০১.২১.৪৮৮

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ EFT-তে প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: ০৩ মার্চ ২০২৫

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত যে সকল শিক্ষক-কর্মচারীর নতুন এমপিও আবেদন অনুমোদন হয়েছে এবং জানুয়ারী-২০২৫ মাসের এমপিও এর জন্য প্রক্রিয়াকরণ করে ইনডেক্স প্রদান করা হয়েছে তাদেরকে আগামী ০৮-০৩-২০২৫ ইং তারিখের মধ্যে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে MPO EFT মডিউলে EFT-তে এমপিও এর অর্থ প্রেরণের লক্ষ্যে অনলাইনে প্রয়োজনীয় তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়াও যে সকল শিক্ষক-কর্মচারী জানুয়ারী-২০২৫ মাসে ট্রান্সফার অপশনের মাধ্যমে নতুনভাবে এমপিওভুক্ত/রি-এমপিও হয়েছেন অর্থাৎ ডিসেম্বর-২০২৪ মাসে এমপিও-তে নাম ছিলো না কিন্তু জানুয়ারি-২০২৫ মাসে এমপিওভুক্ত/রি-এমপিও হয়েছেন তাদেরকেও MPO EFT মডিউলে অনলাইনে প্রয়োজনীয় তথ্য প্রেরণ করতে হবে।

অনেক শিক্ষক-কর্মচারীর EFT এর তথ্য প্রদানকালে ভুল এন্ট্রি করার কারনে আইবাস++ হতে ভ্যালিডেশন সঠিক না হওয়ায় অর্থ প্রেরণ করা যায়নি। তাদের EFT-তথ্য এন্ট্রি প্যানেলে এডিট অপশন চালু করা হয়েছে। তাদেরকেও বর্ণিত সময়ের মধ্যে পুনরায় সঠিক তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

MPO EFT মডিউলে তথ্য প্রেরণের পর ডাউনলোডকৃত হার্ডকপি এবং নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ডকুমেন্ট কলেজের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক এবং স্কুলের ক্ষেত্রে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনলাইনে প্রেরিত তথ্য এবং দাখিলকৃত হার্ডকপি ডকুমেন্ট যাচাই করে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (স্কুলের ক্ষেত্রে) এবং আঞ্চলিক পরিচালক (কলেজের ক্ষেত্রে)-গণ পরবর্তী কার্যক্রমের জন্য ১০-০৩-২০২৫ ইং তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দাখিলকৃত হার্ডকপি ডকুমেন্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (স্কুলের ক্ষেত্রে) এবং আঞ্চলিক পরিচালক (কলেজের ক্ষেত্রে)-গণ নিজ নিজ দপ্তরে সংরক্ষণ করবেন।

০৪-০৩-২০২৫

মো: শাহজাহান
উপপরিচালক
০২-৯৫৫৬৪৩২
ad-admin@dshe.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ।
২। উপপরিচালক (সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা।
৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা, স্কুল/কলেজ।
৪। জেলা শিক্ষা অফিসার, (সকল জেলা)।
৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল উপজেলা/থানা)।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ আইবাস++ এর মাধ্যমে ইএফটি-তে প্রেরণের লক্ষ্যে তথ্য প্রদান ও যাচাই সংক্রান্ত

# নির্দেশিকা

১। জাতীয় পরিচয়পত্র (NID) এন্ট্রির ক্ষেত্রে শুধু ১০ বা ১৭ ডিজিট গ্রহণযোগ্য। যাদের NID নম্বর ১৩ ডিজিটের তাদের ক্ষেত্রে শুরুতে ৪ ডিজিটের জন্মসাল বসিয়ে ১৭ ডিজিট করে নিতে হবে;

২। শিক্ষক-কর্মচারীর নাম ও জন্মতারিখ জাতীয় পরিচয়পত্র (NID) অনুযায়ী এন্ট্রি দিতে হবে;

৩। মোবাইল নম্বর নিজ জাতীয় পরিচয়পত্র (NID) দ্বারা নিবন্ধিত বা রেজিস্ট্রেশন করা থাকতে হবে;

৪। বর্তমানে প্রতিষ্ঠানের এমপিও এর অর্থ যে ব্যাংক ও শাখায় জমা হয় সেই ব্যাংক ও শাখার রাউটিং নম্বর ও ব্যাংক হিসাব নম্বর দিতে হবে;

৫। ব্যাংক হিসাব নম্বর ১৩-১৭ ডিজিটের হবে;

৬। ব্যাংক হিসাব নাম এন্ট্রির ক্ষেত্রে শুধু ইংরেজি অক্ষর (A হতে Z) লিখা যাবে। (".", ",", "-" ইত্যাদি ব্যবহার করা যাবে না)।

**হার্ড কপি ডকুমেন্ট:**

**প্রতিষ্ঠান প্রধানগণ নিম্নে উল্লিখিত হার্ড কপি ডকুমেন্ট উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা (স্কুলের ক্ষেত্রে) বা আঞ্চলিক পরিচালক (কলেজের ক্ষেত্রে)-এর কার্যালয়ে জমা দিবেন:**

১। অনলাইন থেকে ডাউনলোডকৃত প্রতিষ্ঠানের রিপোর্ট (কর্মরত সকল শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরসহ)।

২। অনলাইন থেকে ডাউনলোডকৃত প্রত্যেক শিক্ষক-কর্মচারীর পৃথক পৃথক রিপোর্ট (সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরসহ)।

৩। শিক্ষক-কর্মচারীর জাতীয় পরিচয়পত্র (NID)-এর ফটোকপি (প্রতিষ্ঠান প্রধানকর্তৃক সত্যায়িত)।

৪। শিক্ষক-কর্মচারীর ব্যাংক চেকের কভার পাতার ফটোকপি (প্রতিষ্ঠান প্রধানকর্তৃক সত্যায়িত)।

**বি: দ্র:**

১। স্কুলের শিক্ষক-কর্মচারীদের হার্ড কপি ডকুমেন্ট সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তার কার্যালয়ে জমা দিতে হবে;

২। কলেজের শিক্ষক-কর্মচারীদের হার্ড কপি ডকুমেন্ট সংশ্লিষ্ট অঞ্চলের পরিচালকের কার্যালয়ে জমা দিতে হবে;

৩। স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে স্কুল অংশের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর হার্ড কপি ডকুমেন্ট সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তার কার্যালয়ে এবং কলেজ অংশের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর হার্ড কপি ডকুমেন্ট সংশ্লিষ্ট অঞ্চলের পরিচালকের কার্যালয়ে জমা দিতে হবে।

## কারিগরি সহায়তা

EMIS ফেসবুক পেজ: https://www.facebook.com/emis.dshe এ তথ্য পূরণ সংক্রান্ত ভিডিও টিউটোরিয়াল এবং mpo.eft@gmail.com ই-মেইলে সহায়তা পাওয়া যাবে।

শুধুমাত্র EMIS সিস্টেমের মাধ্যমে অনলাইনে সংগৃহিত তথ্য*এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ আইবাস++ এর মাধ্যমে ইএফটি-তে প্রেরণের প্রক্রিয়ার ব্যবহৃত হবে। মোবাইল ফোন বা অন্য কোনো মাধ্যমে তথ্য প্রদান না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।